# কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

## প্রাথমিক ভর্তি সংক্রান্ত নোটিশ (পঞ্চম (সর্বশেষ) পর্যায়)

পঞ্চম (সর্বশেষ) পর্যায়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া GST ওয়েবসাইট (https://gstadmission.ac.bd/)-এর মাধ্যমে নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**প্রাথমিক ভর্তি ফি (৫০০০.০০) প্রদানঃ** ০৪/০৭/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা হতে ০৫/০৭/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা পর্যন্ত।

**মূল কাগজপত্র জমাঃ** কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ে মূল কাগজপত্র জমাদানে ইচ্ছুক আবেদনকারীদের ০৫/০৭/২০২৬ তারিখ সকাল ১০টা থেকে বিকাল ০৩:০০টা পর্যন্ত **এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ (একটি A4 সাইজের খামে ভরে খামের উপর আবেদনকারীর GST রোল নম্বর লিখে খামসহ)** সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

- পঞ্চম পর্যায়ে Migration Stop (Stop University Migration/Stop All Migration) করতে চাইলে ০৪/০৭/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা হতে ০৫/০৭/২০২৬ তারিখ বিকাল ০৩:০০ টার মধ্যে তা সম্পন্ন করতে হবে।

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরাকালীন নিম্নলিখিত বিষয়সমূহ সতর্কতার সাথে লক্ষণীয়:

- ✓ পছন্দক্রমে অন্তর্ভূক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST-গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। এমনকি কোটায় ভর্তির জন্যও বিবেচিত হবে না।
- ✓ প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ টাকা অনলাইনে পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দিতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- ✓ কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।
- ✓ প্রাথমিক ভর্তি প্রক্রিয়া চলাকালে কোন একটি বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট বিভাগে ভর্তি থাকা অবস্থায় Stop Migration সম্পন্ন করলে পুনরায় স্বয়ংক্রিয় মাইগ্রেশন চালু করা সম্ভব নয়।

| প্রাথমিক ভর্তি সংক্রান্ত তথ্যের ছক (প্রথম পর্যায়) | | |
|---|---|---|
| **ইউনিট** | **কাগজপত্র জমাদানের স্থান (একাডেমিক ভবন, ১০ তলা বিল্ডিং)** | **নির্দেশনা** |
| A | রুম নম্বরঃ **৬০২** | আবেদনকারীকে প্রথমে এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল নম্বরপত্র/মার্কশীটসমূহ একটি A4 সাইজের খামে সংরক্ষণ করতে হবে। খামের উপর জিএসটি রোল নম্বর লিখে নির্ধারিত কক্ষে সশরীরে উপস্থিত হতে হবে। কক্ষের দায়িত্বরত শিক্ষককে **GST রোল নম্বর** সম্বলিত খামটি জমা দিয়ে সিস্টেম থেকে প্রাপ্ত এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রাপ্তি-স্বীকারপত্রের কপি সংগ্রহ করতে হবে এবং জিএসটি সিস্টেমে প্রবেশ করে প্রাথমিক ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে। |
| B | রুম নম্বরঃ **৩০১** | |
| C | রুম নম্বরঃ **৬০১** | |

সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি, জিএসটি ২০২৫-২৬
কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়।